**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

# নিউ ইয়র্ক স্টেট জুড়ে শূন্য-নির্গমন যানবাহনের বর্ধিত ব্যবহারকে সমর্থন করার জন্য গভর্নর হোকল প্রায় 80 মিলিয়ন ডলার বরাদ্দ করার কথা ঘোষণা করেছেন

***নন-এমটিএ পরিবহন সরবরাহকারীদের জন্য শূন্য-নির্গমন যানের জ্বালানি পরিবর্তনের জন্য অর্থায়ন এবং গ্রিনহাউস গ্যাস হ্রাসে সহায়তা***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে স্টেটের জিরো-এমিশন ট্রানজিট ট্রানজিশন প্রোগ্রাম (ZETT) এর অধীনে সাতটি পরিবহন প্রদানকারীকে শূন্য-নির্গমন যানবাহনের ব্যবহার সম্প্রসারণে সহায়তা করার জন্য প্রায় 80 মিলিয়ন ডলার স্টেট তহবিল প্রদান করা হয়েছে। এই কর্মসূচিটি গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং নিউ ইয়র্কের জ্বালানি লক্ষ্য অর্জনে গভর্নরের দেশের মধ্যে অগ্রগণ্য এজেন্ডাকে সমর্থন করে।

“নিউ ইয়র্কের সরকারি পরিবহন এজেন্সিগুলিকে শূন্য-নির্গমন যানে রূপান্তরের প্রচেষ্টা আমাদের পরিবেশবান্ধব শক্তির লক্ষ্য অর্জনের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের স্টেটের প্রতিটি কোণে শূন্য-নির্গমন ট্রানজিট যানবাহনের সংখ্যা বৃদ্ধি করলে নিউ ইয়র্ক জুড়ে পরিষ্কার বাতাস এবং সুস্থ এলাকাগুলি নিশ্চিত হবে।"

**নিউ ইয়র্ক স্টেট স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন কমিশনার Marie Therese Dominguez (ম্যারি থেরেস ডোমিঙ্গেজ) বলেন**, “গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বে, নিউ ইয়র্ক গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে শূন্য নির্গমন ট্রানজিটে লক্ষীভূত, বিচক্ষণ বিনিয়োগ করে চলেছে এবং NYSDOT-এর ZETT প্রোগ্রামটি এম্পায়ার স্টেট জুড়ে অঞ্চলগুলির জন্য দূষণমুক্ত পরিবহন বিকল্প প্রদানের উপর দৃষ্টি নিবদ্ধ করে। জিরো-এমিশন ট্রানজিট ট্রানজিশন (ZETT) প্রোগ্রামটি স্থানীয় নিউ ইয়র্ক ট্রানজিট এজেন্সিগুলিকে তাদের নিজ নিজ যানের জন্য জলবায়ু-বান্ধব যানবাহনে বিনিয়োগ করার একটি অনন্য সুযোগ প্রদান করে, যা স্টেটে কার্বনের উপস্থিতি হ্রাস করার পাশাপাশি স্থানীয় সম্প্রদায়ের স্বাস্থ্যের উন্নতিতে সহায়তা করবে।"

শূন্য-নির্গমন সম্পন্ন ট্রানজিট যানবাহন অধিগ্রহণ, চার্জ দেওয়া ও জ্বালানি ভর্তি করার জন্য ফ্যাসিলিটি ও ইউটিলিটি অবকাঠামো নির্মাণ এবং শূন্য-নির্গমন সম্পন্ন মূলধনী প্রকল্পগুলোর জন্য প্রয়োজনীয় পরিকল্পনা ও নকশা প্রণয়নের ধাপে সহায়তা করার জন্য নন-MTA ট্রানজিট কর্তৃপক্ষগুলোকে তহবিলের জন্য আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে।

তহবিল প্রাপক এবং তাদের প্রকল্প:

- ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ট্রান্সপোর্টেশন অথরিটি (Capital District Transportation Authority, CDTA) – 17.5 মিলিয়ন ডলার: এই প্রকল্পে একটি নতুন প্রশিক্ষণ ও রক্ষণাবেক্ষণ কেন্দ্রের পরিকল্পনা, নকশা এবং নির্মাণ জড়িত থাকবে যা একটি শূন্য-নির্গমন যানকে সমর্থন করবে যা শেনেকটাডি এবং মন্টগোমারি কাউন্টি এবং সারাটোগা কাউন্টির কিছু অংশে পরিষেবা প্রদান করবে। এই প্রকল্পে দুটি হাইড্রোজেন-বৈদ্যুতিক/ফুয়েল-সেল বাস ক্রয়ও অন্তর্ভুক্ত রয়েছে।
- সেন্ট্রাল নিউ ইয়র্ক রিজিওনাল ট্রান্সপোর্টেশন অথরিটি (Central New York Regional Transportation Authority, Centro) – 17.5 মিলিয়ন ডলার: এই প্রকল্পটি ওনাইডা কাউন্টিতে সুযোগ-সুবিধা এবং কার্যক্রমকে একীভূত করবে যাতে শূন্য-নির্গমন যানের রূপান্তরকে সমর্থন করা যায়, যার ফলে ম্যাডিসন এবং হারকিমার কাউন্টিতে সম্ভাব্য সম্প্রসারণ সম্ভব হবে। এই প্রকল্পে ব্যাটারি-ইলেকট্রিক এবং/অথবা হাইড্রোজেন-ইলেকট্রিক/ফুয়েল-সেল যানবাহন ক্রয়ও অন্তর্ভুক্ত রয়েছে।
- নায়াগ্রা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশন অথরিটি (Niagara Frontier Transportation Authority, NFTA) – 17.5 মিলিয়ন ডলার: এই প্রকল্পটি কোল্ড স্প্রিং বাস গ্যারেজে (Cold Spring Bus Garage) দুটি লেনের চার্জিং পরিকাঠামো স্থাপন করবে এবং 18টি ব্যাটারি-ইলেকট্রিক বাস কেনার জন্য অর্থায়ন করবে। উপরন্তু, ফ্রন্টিয়ার এবং ব্যাবকক বাস গ্যারেজে (Frontier and Babcock Bus Garages) শূন্য-নির্গমন যান সম্প্রসারণের পরিকাঠামোগত প্রয়োজনীয়তা এবং খরচ নির্ধারণের জন্য একটি সম্ভাব্যতার সমীক্ষা পরিচালিত হবে।
- রচেস্টার-জেনেসি রিজিওনাল ট্রান্সপোর্টেশন অথরিটি (Rochester-Genesee Regional Transportation Authority, RTS) – 17.5 মিলিয়ন ডলার: এই কেন্দ্রের পরিকাঠামো প্রকল্পটি হাইড্রোজেন-বৈদ্যুতিক/ফুয়েল-সেল বাসগুলির সামঞ্জস্যবিধান করার জন্য ইউটিলিটি এবং সুরক্ষা উন্নয়নের পাশাপাশি পরিচালনার ভবনটির আধুনিকীকরণ করবে। এটি 10টি হাইড্রোজেন-ইলেকট্রিক/ফুয়েল-সেল বাস কেনার জন্যও অর্থায়ন করবে।
- সাফোক কাউন্টি ট্রানজিট (Suffolk County Transit) – 5 মিলিয়ন ডলার: এই প্রকল্পটি 12টি ব্যাটারি-ইলেকট্রিক বাস কেনার জন্য তহবিল প্রদান করে।
- ব্রুম কাউন্টি ট্রানজিট (Broome County Transit) – 3.34 মিলিয়ন ডলার: এই প্রকল্পটি তিনটি ব্যাটারি-ইলেকট্রিক বাস কেনার জন্য তহবিল প্রদান করে।
- আলস্টার কাউন্টি এরিয়া ট্রানজিট (Ulster County Area Transit, UCAT) – 1.35 মিলিয়ন ডলার: এই প্রকল্পটি বৈদ্যুতিক যানবাহন চার্জিং ক্ষমতা সম্পন্ন একটি নতুন বাস ফেসিলিটির স্থান নির্বাচন এবং নকশার জন্য অর্থায়ন করবে।

2024 সালের ডিসেম্বরে প্রথম ঘোষিত, ZETT প্রোগ্রামটি নিউ ইয়র্ক স্টেট জুড়ে ট্রানজিট সরবরাহকারীদের জন্য 100 মিলিয়ন ডলার তহবিল প্রদান করে যাতে ট্রানজিট যানগুলিকে শূন্য-নির্গমন চালনায় (ব্যাটারি-ইলেকট্রিক এবং হাইড্রোজেন-ইলেকট্রিক) রূপান্তরিত করতে সহায়তা করা যায়। অর্থবছর 26-এর প্রণীত বাজেট তহবিলে 20 মিলিয়ন ডলার যোগ করেছে। যোগ্য আবেদনকারীদের মধ্যে ট্রানজিট কর্তৃপক্ষ, কাউন্টি, পৌরসভা এবং অন্যান্য সংস্থা অন্তর্ভুক্ত ছিল যারা নিউ ইয়র্ক স্টেটওয়াইড মাস ট্রান্সপোর্টেশন অপারেটিং অ্যাসিস্ট্যান্স (Statewide Mass Transportation Operating Assistance, STOA) পাচ্ছে বা পাওয়ার যোগ্য।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) এবং ইন্টারসিটি বাস অপারেটররা যোগ্য ছিল না।

**স্টেট সিনেটর Jeremy Cooney (জেরেমি কুনি) বলেন,** "আমি সবসময় বিশ্বাস করি যে আমাদের স্টেটের উচ্চাভিলাষী জলবায়ু লক্ষ্যগুলি আমাদের পরিবহন এবং পরিকাঠামোগত লক্ষ্যগুলির সাথে তাল মিলিয়ে চলে। গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বের জন্য ধন্যবাদ, নিউ ইয়র্ক দূষণমুক্ত পরিবহন বিকল্পের ক্ষেত্রে নিজেকে সর্বাগ্রে প্রতিষ্ঠিত করছে যা নিউ ইয়র্কবাসীর পরিবহন চাহিদা পূরণের পাশাপাশি আমাদের স্টেটের জন্য একটি পরিবেশবান্ধব ভবিষ্যত তৈরি করবে।"

**অ্যাসেম্বলি ট্রান্সপোর্টেশন কমিটির সভাপতি William Magnarelli (উইলিয়াম ম্যাগনারেলি) বলেন,** "শূন্য-নির্গমন যানবাহনে রূপান্তরকে সমর্থন করার জন্য ট্রানজিট কর্তৃপক্ষের কাছে তহবিল পাঠানো হচ্ছে তা দেখা উৎসাহব্যঞ্জক। এই রূপান্তরের জন্য যথাযথ পরিকাঠামো প্রয়োজন, বিশেষ করে সেন্ট্রাল নিউ ইয়র্কে এবং এই তহবিলগুলি এই প্রচেষ্টায় সহায়তা করবে।"

**পরিবহন দপ্তর সম্পর্কে**
নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের মিশন হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, সমতার, এবং স্থিতিস্থাপক পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক সুস্থতাকে সমর্থন করে।

এটি জীবনের প্রশ্ন; গতি ধীর করুন এবং হাইওয়ের কর্মীদের জন্য জায়গা ছেড়ে দিন! আরো তথ্যের জন্য, আমাদেরকে ফেসবুকে খুঁজে নিন, X বা ইনস্টাগ্রামে ফলো করুন, অথবা DOT ওয়েবসাইট ভিজিট করুন। আপ-টু-ডেট যাতায়াতের তথ্যের জন্য 511 নম্বরে ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন